# Two-Day Workshop on Beauty and Grooming at Jagannath Singh College

A comprehensive two-day special workshop titled "Skill Development in the Beauty and Grooming Sector" was successfully organized at the Jagannath Singh College auditorium on February 24th and 25th, 2026. This initiative was a collaborative effort between the Women's Cell of Jagannath Singh College and the Lions Club, Silchar, aimed at empowering female students with professional vocational skills.

The program commenced on Tuesday morning with a traditional lamp-lighting ceremony. In her inaugural welcome address, Dr. Susmita Mitra, Coordinator of the Women's Cell, emphasized that grooming is not merely about outward appearance but is a vital tool for personality development. She highlighted the vast entrepreneurial opportunities currently available in the beauty industry and encouraged students to meticulously learn the professional nuances from the expert trainers present.


The workshop featured a distinguished panel of resource persons and trainers. Mrs. Mamata Bhattacharya, the North-East Regional Trainer for 'Urban Color London', served as the primary resource person. She was joined by renowned beauticians Mrs. Swasti Dhar, Mrs.Sabita Das, and Mrs. Jui Ghosh, providing students with a rare opportunity to receive lessons in world-class skincare and professional aesthetics.


Over the course of two days, the curriculum covered a wide array of essential topics. The first day focused on Skin Science, the Cleanse-Tone-Moisturize (CTM) routine, and a live demonstration of the popular "no-makeup" look for daily wear. Additionally, Mrs. Sabita Das conducted a session on the importance of personal hygiene and professional attire in the workplace.

The second day delved into advanced makeup artistry, including Color Theory, contouring, and festive styling. Mrs. Swasti Dhar demonstrated intricate techniques for perfect eye and lip makeup. A significant highlight of the concluding day was the "hands-on" practical session, where students practiced grooming techniques under expert supervision. During this segment, Mrs. Jui Ghosh led a specialized session on modern De-tanning methods and advanced skincare treatments.

The event concluded with the distribution of certificates to the participating students. The workshop saw the active presence of Women's Cell members including Dr. Basabi Paul, Mrs. Anita Singh, Dr. Nandita Das, Dr. Gitashree Deb, Dr. Susmita Paul, and Dr. Nibedita Mukherjee Sharma, along with faculty members Dr. S.K. Chaturvedi and Dr. Dilip Kr. Thakur. In his closing remarks, the Principal of the college, Dr. S Somarendro Singha, noted that such workshops do more than teach grooming; they provide a new direction for students to consider the beauty industry as a viable career path. The event was deemed a resounding success due to the collective efforts of the Lions Club, the college administration, and the enthusiastic participation of the students.









# জগন্নাথ সিং কলেজে বিশেষ সৌন্দর্য ও গ্রুমিং কর্মশালা



কর্মশালায় প্রশিক্ষক, লায়ন্স ক্লাব কর্মকর্তা ও ছাত্রছাত্রী এবং কলেজ শিক্ষিকারা।

সাময়িক প্রসঙ্গ, শিলচর, ২৫ ফেব্রুয়ারি : জগন্নাথ সিংহ কলেজের উইমেন্স সেল এবং লায়ন্স ক্লাব, শিলচরের যৌথ উদ্যোগে মঙ্গল ও বুধবার কলেজ অডিটরিয়ামে 'স্কিল ডেভেলপমেন্ট ইন দ্য বিউটি অ্যান্ড গ্রুমিং সেক্টর' শীর্ষক এক দু'দিনের বিশেষ কর্মশালা অনুষ্ঠিত হয়। মঙ্গলবার সকালে প্রদীপ প্রজ্বলনের মাধ্যমে অনুষ্ঠানের সূচনা হয়। শুরুতে উইমেন্স সেলের কো-অর্ডিনেটর সুস্মিতা মিত্র স্বাগত ভাষণে বলেন, সাজসজ্জা বা গ্রুমিং কেবল বাহ্যিক বিষয় নয়, এটি ব্যক্তিত্ব বিকাশের মাধ্যম এবং বর্তমান সময়ে বিউটি সেক্টরে উদ্যোক্তা হওয়ার এক বিশাল সুযোগ রয়েছে। তিনি ছাত্রীদের অভিজ্ঞ প্রশিক্ষকদের কাছ থেকে খুঁটিনাটি বিষয়গুলো শিখে নেওয়ার আহ্বান জানান।

কর্মশালায় রিসোর্স পার্সন হিসেবে উপস্থিত ছিলেন 'আরবান কালার লন্ডন'-র উত্তর-পূর্বাঞ্চলীয় আঞ্চলিক প্রশিক্ষক মমতা ভট্টাচার্য। এছাড়াও প্রশিক্ষক হিসেবে উপস্থিত ছিলেন বিশিষ্ট বিউটিশিয়ান স্বস্তি ধর, সবিতা দাস এবং জুই ঘোষ। তাঁদের উপস্থিতিতে ছাত্রীরা বিশ্বমানের রূপচর্চা ও পেশাদারিত্বের পাঠ নেওয়ার সুযোগ পায়।

দু'দিনব্যাপী এই প্রশিক্ষণে বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয়ে আলোকপাত করা হয়। স্কিন সায়েন্স, সঠিকভাবে ত্বক পরিষ্কার ও আর্দ্র রাখার (সিটিএম) পদ্ধতি এবং দৈনন্দিন জীবনের জন্য 'নো-মেকআপ লুক'-র লাইভ ডেমো প্রদর্শন করা হয়। সবিতা দাস ব্যক্তিগত পরিচ্ছন্নতা ও পেশাদার পোশাক-আশাকের গুরুত্ব ব্যাখ্যা করেন। প্রশিক্ষণের দ্বিতীয় দিন, অ্যাডভান্স মেকআপ আর্টিস্টরি, কালার থিওরি, কন্টুরিং এবং উৎসবের সাজের ওপর জোর দেওয়া হয়। স্বস্তি ধর ছাত্রীদের চোখের ও ঠোঁটের নিখুঁত মেকআপ কৌশল শেখান। তাত্ত্বিক আলোচনার পাশাপাশি দ্বিতীয় দিনের শেষার্ধে ছিল হ্যান্ডস-অন বা ব্যবহারিক প্রশিক্ষণ পর্ব, যেখানে ছাত্রীরা সরাসরি প্রশিক্ষকদের তত্ত্বাবধানে নিজেরা সাজসজ্জার কৌশলগুলো অনুশীলন করার সুযোগ পায়।

ব্যবহারিক প্রশিক্ষণ পর্বে বিশিষ্ট বিউটিশিয়ান জুঁই ঘোষ একটি বিশেষ সেশন পরিচালনা করেন। তিনি ছাত্রীদের ত্বকের যত্নে 'ডি-ট্যানিং' বা রোদে পোড়া ভাব দূর করার আধুনিক পদ্ধতিগুলো হাতে-কলমে শিখিয়ে দেন। অনুষ্ঠান শেষে অংশগ্রহণকারী ছাত্রীদের শংসাপত্র দেওয়া হয়।

অনুষ্ঠানে কলেজের উইমেন্স সেলের সদস্যা বাসবী পাল, অনিতা সিংহ, নন্দিতা দাস, গীতশ্রী দেব, সুস্মিতা পাল, নিবেদিতা মুখার্জি শর্মা এবং অন্যান্য শিক্ষক-শিক্ষিকা, এসকে চতুর্বেদি, দিলীপ ঠাকুর উপস্থিত ছিলেন। কলেজের অধ্যক্ষ সমরেন্দ্র সিং বলেন, এধরনের কর্মশালা ছাত্রীদের কেবল গ্রুমিং শেখায় না, বরং ভবিষ্যতে বিউটি ইন্ডাস্ট্রিকে পেশা হিসেবে বেছে নেওয়ার ক্ষেত্রেও নতুন দিশা দেখাবে। কলেজের অধ্যক্ষ, লায়ন্স ক্লাব ও উইমেন্স সেলের সদস্য, অন্যান্য শিক্ষক-শিক্ষিকা এবং ছাত্রীদের সক্রিয় অংশগ্রহণে অনুষ্ঠানটি সর্বাঙ্গীণ সাফল্য লাভ করে।

# উধারবন্দ জগন্নাথ সিং কলেজে সৌন্দর্য ও গ্রুমিংয়ের ওপর দু'দিনের কর্মশালা

বার্তালিপি প্রতিবেদন, শিলচর, ২৫ ফেব্রুয়ারি : উধারবন্দের জগন্নাথ সিংহ কলেজের উইমেন্স সেল এবং শিলচর লায়ন্স ক্লাবের যৌথ উদ্যোগে ২৪ ও ২৫ ফেব্রুয়ারি কলেজ অডিটোরিয়ামে 'স্কিল ডেভেলপমেন্ট ইন দ্য বিউটি অ্যান্ড গ্রুমিং সেক্টর'-এর ওপর দুদিনের বিশেষ কর্মশালা সফলভাবে সম্পন্ন হয়।

মঙ্গলবার প্রদীপ প্রজ্বলনের মাধ্যমে অনুষ্ঠানের সূচনা হয়। অনুষ্ঠানের শুরুতে উইমেন্স সেলের কো-অর্ডিনেটর সুস্মিতা মিত্র তাঁর স্বাগত ভাষণে বলেন, সাজসজ্জা বা গ্রুমিং কেবল বাহ্যিক বিষয় নয়, এটি ব্যক্তিত্ব বিকাশের মাধ্যম এবং বর্তমান সময়ে বিউটি সেক্টরে উদ্যোক্তা হওয়ার এক বিশাল সুযোগ রয়েছে। তিনি ছাত্রীদের অভিজ্ঞ প্রশিক্ষকদের কাছ থেকে খুঁটিনাটি বিষয়গুলি শিখে নেওয়ার আহ্বান জানান।

কর্মশালায় রিসোর্সপার্সন হিসেবে উপস্থিত ছিলেন 'আরবান কালার লন্ডন'-এর উত্তর-পূর্বাঞ্চলীয় আঞ্চলিক প্রশিক্ষক মমতা ভট্টাচার্য। এছাড়াও প্রশিক্ষক হিসেবে উপস্থিত ছিলেন বিশিষ্ট বিউটিশিয়ান স্বস্তি ধর, সবিতা দাস এবং জুই ঘোষ।

দু'দিনের এই প্রশিক্ষণে বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয়ে আলোকপাত করা হয়। স্কিন সায়েন্স, সঠিক ভাবে ত্বক পরিষ্কার আর্দ্র রাখার পদ্ধতি এবং দৈনন্দিন জীবনের জন্য নো-মেকআপ লুক-এর লাইভ ডেমো প্রদর্শন করা হয়। সবিতা দাস ব্যক্তিগত পরিচ্ছন্নতা ও পেশাদার পোশাক-আশাকের গুরুত্ব ব্যাখ্যা করেন।




*পড়ুয়ার হাতে শংসাপত্র তুলে দিচ্ছেন উধারবন্দ জগন্নাথ সিং কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ ড. সমরেন্দ্র সিং। বুধবার।*

প্রশিক্ষণের দ্বিতীয় দিন, অ্যাডভান্স make up artistry, কালার থিওরি, কনট্যুরিং এবং উৎসবের সাজের ওপর জোর দেওয়া হয়। স্বস্তি ধর ছাত্রীদের চোখের ও ঠোঁটের নিখুঁত মেকআপ কৌশল শেখান। তাত্ত্বিক আলোচনার পাশাপাশি দ্বিতীয় দিনের শেষার্ধে ছিল হ্যান্ডস-অন বা ব্যবহারিক প্রশিক্ষণ পর্ব, যেখানে ছাত্রীরা সরাসরি প্রশিক্ষকদের তত্ত্বাবধানে নিজেরা সাজসজ্জার কৌশলগুলি অনুশীলন করার সুযোগ পায়।

ব্যবহারিক প্রশিক্ষণ পর্বে বিশিষ্ট বিউটিশিয়ান জুই ঘোষ একটি বিশেষ সেশন পরিচালনা করেন। তিনি ছাত্রীদের ত্বকের যত্নে 'ডি-ট্যানিং' বা রোদে পোড়া ভাব দূর করার আধুনিক পদ্ধতিগুলি হাতে-কলমে শিখিয়ে দেন।

অনুষ্ঠান শেষে ছাত্রীদের মধ্যে শংসাপত্র বিতরণ করা হয়। অনুষ্ঠানে কলেজের উইমেন্স সেলের সদস্যা ড. বাসবী পাল, অনিতা সিংহ, ড. নন্দিতা দাস, ড. গীতশ্রী দেব, ড. সুস্মিতা পাল, ড. নিবেদিতা মুখার্জি শর্মা এবং অন্যান্য শিক্ষক-শিক্ষিকা ড. এস. কে. চতুর্বেদী, ড. দিলীপ ঠাকুর উপস্থিত ছিলেন।

কলেজের অধ্যক্ষ ড. সমরেন্দ্র সিং বলেন, এ ধরণের কর্মশালা ছাত্রীদের কেবল গ্রুমিং শেখায় না, বরং ভবিষ্যতে বিউটি ইন্ডাস্ট্রিকে পেশা হিসেবে বেছে নেওয়ার ক্ষেত্রেও নতুন দিশা দেখাবে। এক প্রেস বিবৃতিতে এ খবর জানানো হয়েছে।

Dr. S Somarendro Singha
Principal
Jagannath Singh College

Dr. Susmita Mitra
Coordinator
Women's Cell
Jagannath Singh College